



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ কুড়িগ্রাম -৮৩/ ২০১৯/৪

তারিখঃ ১৫.০৫.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ** সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল আজিজ মিয়া-কে স্বপদে বহাল ও বেতন- ভাতা প্রদান না করার বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন মধুপুর সরকারপাড়া হরিফিয়া দাখিল মাদ্রাসার ইবতেদায়ী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ আব্দুল আজিজ মিয়াজিং কমিটির সভাপতি জনাব মোঃ জয়নুল আবেদীনের বিরুদ্ধে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, সভাপতি ও সুপারের যোগসাজশে মিথ্যা অভিযোগে বিগত ১৭/১২/২০১১ খ্রি. তারিখে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৩৬৫৭/১৫ এর প্রেক্ষিতে প্রদত্ত রায় এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪;তারিখ:০৬/০৮/২০১৭খ্রিঃ ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪; তারিখ: ২৬/০৯/২০১৭ খ্রিঃ স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন দ্বারা কোন শিক্ষককে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার এবং ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সুপার ও সভাপতি বেতন-ভাতা প্রদান না করে তার নিকট পাঁচ লক্ষ টাকার উৎকোচ দাবি করেন এবং উক্ত টাকা পরিশোধ করলে বকেয়া বিলে স্বাক্ষর করবেন মর্মে উল্লেখ করেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ, শিক্ষা মন্ত্রণালয় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল আজিজকে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদান না করে কেন তাকে দীর্ঘদিন সাময়িক বরখাস্ত রাখা হয়েছে সে বিষয়সহ তার কর্তৃক আনীত অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ১০(দশ) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১। সভাপতি, মধুপুর সরকার পাড়া হরিফিয়া দাখিল মাদ্রাসা  
ডাকঘর: ধরনীবাড়ী, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

২। সুপার, মধুপুর সরকার পাড়া হরিফিয়া দাখিল মাদ্রাসা  
ডাকঘর: ধরনীবাড়ী, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/ কুড়িগ্রাম -৮৩/ ২০১৯/৪

তারিখঃ ১৫.০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
৪. জনাব মোঃ আব্দুল আজিজ, ইবতেদায়ী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত)  
মধুপুর সরকার পাড়া হরিফিয়া দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নং ৯৬৭৪৮৭৪